

নং- ০৫.৪২.১২০০.০১৪.১১.০১৬.২৩- ১৭

তারিখ: ০২ চৈত্র ১৪২৯
১৬ মার্চ ২০২৩

গণ-বিজ্ঞপ্তি

বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদের গঠনতন্ত্র-২০১০ এর ধারা ১৫ এবং ১৮ অনুযায়ী আমি হেলেনা পারভীন, অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, ব্রাহ্মণবাড়িয়া ও রিটার্নিং অফিসার এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানাইতেছি যে, বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ কেন্দ্রীয় কমান্ড কাউন্সিল, জেলা/মহানগর ও উপজেলা কমান্ডসমূহের নির্বাচনের উদ্দেশ্যে নির্বাচন কমিশন ১৪/০৩/২০২৩ খ্রি. তারিখ বিজ্ঞপ্তির মাধ্যমে বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ কেন্দ্রীয় কমান্ড কাউন্সিল, জেলা/মহানগর ও উপজেলা কমান্ডসমূহের নির্বাচন অনুষ্ঠানের উদ্দেশ্যে নিম্নবর্ণিত সময়সূচি ঘোষণা করিয়াছে:

ক) ভোটার তালিকা প্রকাশ:

| ক্রমিক | বিবরণ | সময়কাল |
|--------|--|-------------------------|
| ০১ | খসড়া ভোটার তালিকা প্রকাশ | : ১৯/০৩/২০২৩ (রবিবার) |
| ০২ | খসড়া ভোটার তালিকার উপর দাবি, আপত্তি ও সংশোধনী গ্রহণের শেষ তারিখ | : ২২/০৩/২০২৩ (বুধবার) |
| ০৩ | দাবি, আপত্তি ও সংশোধনী নিষ্পত্তির তারিখ | : ২৮/০৩/২০২৩ (মঙ্গলবার) |
| ০৪ | চূড়ান্ত ভোটার তালিকা প্রকাশ | : ০২/০৪/২০২৩ (রবিবার) |

খ) নির্বাচনী তফসিল


| ক্রমিক | বিবরণ | সময়কাল |
|--------|--|----------------------------|
| ০১ | মনোনয়নপত্র দাখিলের তারিখ (সকাল ১০:০০ টা থেকে বেলা ০৩:০০ টা পর্যন্ত) | : ০৫/০৪/২০২৩ (বুধবার) |
| ০২ | মনোনয়নপত্র বাছাই | : ০৯/০৪/২০২৩ (রবিবার) |
| ০৩ | প্রার্থিতা বাতিলের আদেশের বিরুদ্ধে আপিলের তারিখ (সকাল ১০:০০ টা থেকে বেলা ০৩:০০ টা পর্যন্ত) | : ১১/০৪/২০২৩ (মঙ্গলবার) |
| ০৪ | আপিল নিষ্পত্তির তারিখ | : ১৩/০৪/২০২৩ (বৃহস্পতিবার) |
| ০৫ | মনোনয়নপত্র প্রত্যাহারের সর্বশেষ তারিখ | : ১৬/০৪/২০২৩ (রবিবার) |
| ০৬ | চূড়ান্ত প্রার্থীর তালিকা প্রকাশ | : ১৭/০৪/২০২৩ (সোমবার) |
| ০৭ | প্রতীক বরাদ্দের তারিখ | : ১৮/০৪/২০২৩ (মঙ্গলবার) |
| ০৮ | ভোট গ্রহণের তারিখ | : ১৩/০৫/২০২৩ (শনিবার) |

ভোট গ্রহণ সময়সীমা: বিরতিহীনভাবে সকাল ০৯:০০ টা হতে বিকাল ০৪:০০ টা পর্যন্ত ব্যালট পেপারের মাধ্যমে

২। নির্বাচনী এলাকার সকল বাসিন্দাদের জ্ঞাতার্থে আমি আরও জানাইতেছি যে, আগামী ১৩/০৫/২০২৩ তারিখ সকাল ০৯:০০ টা হইতে বিরতিহীনভাবে বিকাল ০৪:০০ টা পর্যন্ত ব্রাহ্মণবাড়িয়া জেলা হইতে বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ জেলা কমান্ড নির্বাচনে অংশগ্রহণ করিবার জন্য ইচ্ছুক প্রার্থীদের নিকট হইতে জেলাপ্রশাসকের কার্যালয় ও রিটার্নিং অফিসারের কার্যালয়ে এবং সহকারী রিটার্নিং অফিসারের কার্যালয়ে মনোনয়নপত্র গৃহীত হইবে।

৩। উল্লিখিত নির্বাচন ব্যালট পেপারের মাধ্যমে অনুষ্ঠিত হইবে।

তারিখ: ১ ৬ দিন ০ ৩ মাস ২ ০ ২ ৩ বৎসর


১৬/০৩/২০২৩

হেলেনা পারভীন
অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, ব্রাহ্মণবাড়িয়া
ও
রিটার্নিং অফিসার
বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ নির্বাচন ২০২২-২০২৩
জেলা কমান্ড, ব্রাহ্মণবাড়িয়া

নির্বাচনী এলাকার নাম: ব্রাহ্মণবাড়িয়া জেলা কমান্ড